অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/21/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক 38,000 ডোজ COVID-19 টিকা প্রদান করেছে- জাতির মধ্যে সর্বোচ্চ

346,000 মডার্না টিকা এবং 120,000 অতিরিক্ত ডোজ ফাইজার টিকা এই সপ্তাহে আসছে

নিউ ইয়র্ক সেক্রেটারি অব স্টেট রোজাডো, অ্যাটর্নি জেনারেল জেমস, ন্যাশনাল আরবান লিগের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক মোরিয়াল এবং স্বাস্থ্যফার্স্ট প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা প্যাট ওয়াং এর সভাপতিত্বে ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্স চালু করেছে

নিউ ইয়র্ক কমিউনিটি টিকাকরণ কিট তৈরি করছে- স্ব-নিয়ন্ত্রিত ইউনিট যা একটি টিকাকরণ সাইট স্থাপনের জন্য প্রয়োজনীয় সকল আইটেম অন্তর্ভুক্ত করে, বিশেষ করে স্বাস্থ্য সেবাহীন অঞ্চলে ব্যবহার করা হবে

নার্সিং হোমের বাসিন্দা এবং কর্মচারীদের টিকা দেওয়ার জন্য ফেডারেল প্রোগ্রাম আজ থেকে শুরু

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে সোমবার সকাল পর্যন্ত নিউ ইয়র্ক রাজ্যে 38,000 এর ও বেশী টিকা প্রদান করা হয়েছে- যা এখন পর্যন্ত দেশের মধ্যে সর্বোচ্চ।

এই প্রচেষ্টাকে শক্তিশালী করে, মডার্নার টিকার প্রথম 346,200 ডোজ আজ নিউ ইয়র্কে আসতে শুরু করবে বলে আশা করা হচ্ছে, এই সপ্তাহের শেষের দিকে ফাইজার টিকার অতিরিক্ত 120,000 ডোজ আশা করা হচ্ছে।

গভর্নর আরও ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক সেক্রেটারি অব স্টেট রোজানা রোজাডো, অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস, ন্যাশনাল আরবান লিগের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক মোরিয়াল এবং স্বাস্থ্যফার্স্ট প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা প্যাট ওয়াং এর সভাপতিত্বে ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্স চালু করেছে। বাধা গুলো ভেঙ্গে ফেলে এবং রাজ্য জুড়ে এই টিকার ন্যায্য বন্টন নিশ্চিত করার মাধ্যমে এই টাস্ক ফোর্স কাজ করবে অসহায় এবং অনগ্রসর সম্প্রদায়গুলো টিকাকরণ থেকে বঞ্চিত না হওয়া নিশ্চিত করবে।

গভর্নর কুওমো এছাড়াও ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক কমিউনিটি টিকাকরণ কিট উন্নয়ন করছে টিকা সাইটের জন্য প্রয়োজনীয় সরবরাহ এবং সম্পদ সরবরাহ করার জন্য বিশেষ করে ঐসব কমিউনিটির জন্য যেগুলি স্বাস্থ্য সেবার দুর্গম অঞ্চলের মধ্যে অবস্থিত।

গভর্নর এছাড়াও ঘোষণা করেছেন যে নার্সিং হোমের বাসিন্দা এবং কর্মীদের টিকা দেওয়ার জন্য একটি ফেডারেল প্রোগ্রাম আজ নিউ ইয়র্ক রাজ্যে শুরু হয়েছে এবং আশা করা হচ্ছে যে সারা রাজ্যের 618টি সুবিধার বাসিন্দা এবং কর্মচারীদের টিকা দেওয়া হবে যার প্রথম ডোজ আজকে শুরু হবেএবং সামনের দুই সপ্তাহ ধরে চলবে।

"আমরা এখন কথা বলছি কাকে টিকা দেয়া হচ্ছে, এবং আমাকে পরিষ্কার করে বলতে দিন: টিকা দান প্রক্রিয়ায় কোন রাজনীতি নেই," **গভর্নর কুওমো বলেন।** "আমরা COVID পরীক্ষার বেলায় এর মধ্য দিয়ে গিয়েছি, বিখ্যাত ব্যক্তি, সেলিব্রিটি এবং ধনী ব্যক্তিরা লাইনের সামনে চলে এসেছিল। COVID পরীক্ষার এই অগ্রাধিকারমূলক পদ্ধতি আমাদের সমগ্র গণতন্ত্র, সমতা এবং একটি সরকারকে খর্ব করে যা সকল মানুষের জন্য কাজ করে। আর COVID এর এই সময়ে যেখানে আমরা চরম অবিচার দেখেছি, তার সাথে রাজনীতির কোন সম্পর্ক নেই। এখানে কোন গভর্নর নেই, কোন কাউন্টি নির্বাহী নেই, এবং কোন মেয়র নেই যে এই প্রক্রিয়া নিয়ন্ত্রণ করে, এবং যে কেউ অন্যথা বলে সে এটা সত্য বলছে না বা আইন লঙ্ঘন করছে। এটা পুরোপুরি চিকিৎসা পেশাজীবীদের দ্বারা নিয়ন্ত্রিত এবং আমাদের হাসপাতালগুলো ইতোমধ্যে দেশের যে কোন রাজ্যের চেয়ে বেশী মানুষকে টিকা দিয়েছে।"

স্বাস্থ্য বিশেষজ্ঞরা ধারণা করছেন যে COVID-19 এর বিরুদ্ধে যুদ্ধে জয়লাভের জন্য 75 থেকে 85 শতাংশ জনসংখ্যার এই টিকা গ্রহণ করতে হবে এবং তাই নিউ ইয়র্ক এটিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে যাতে অসহায় এবং অনগ্রসর সম্প্রদায়কে পিছিয়ে না রাখা হয়। এই কাজ অগ্রসর করার জন্য, প্রাপ্যতা এবং টিকা ন্যায্য বন্টন নিশ্চিত করার জন্য, গভর্নর নিউ ইয়র্কের ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্স চালু করছেন।

টাস্ক ফোর্সের সদস্যদের মধ্যে রয়েছেন:

- ফ্রেডেরিক শ্যাক, প্রধান নির্বাহী কর্মকর্তা, আরবান পাথওয়েজ, ইনকর্পোরেটেড
- ড. হাভিডান রডরিগেজ, প্রেসিডেন্ট, SUNY অ্যালবেনি (SUNY Albany)
- মুরাদ আওয়াদেহ, নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশনের অন্তর্বর্তীকালীন সহ-নির্বাহী পরিচালক
- ড. হেনরি চেন, প্রেসিডেন্ট, SOMOS কমিউনিটি কেয়ার
- ফিলিস জ্যাকসন, আন্তঃবহুজাতিক স্বাস্থ্য মন্ত্রণালয় জোটের প্রতিষ্ঠাতা এবং নির্বাহী পরিচালক; কমিউনিটি ওয়েলনেস প্রজেক্ট ম্যানেজার; কমন গ্রাউন্ড হেলথ
- গুইলারমো চাকন, এইডস বিষয়ক ল্যাটিনো কমিশনের প্রেসিডেন্ট এবং হিসপ্যানিক হেলথ নেটওয়ার্কের প্রতিষ্ঠাতা
- জর্জ গ্রিশাম, প্রেসিডেন্ট, 1199SEIU ইউনাইটেড হেল্থকেয়ার ওয়ার্কার্স ইস্ট

- রুথ হাসেল-টম্পসন, নীতি ও সম্প্রদায় বিষয়ক বিশেষ উপদেষ্টা, NYS হোমস এবং কমিউনিটি রিনিউয়াল
- ফ্রাঙ্কি মিরান্ডা, প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, হিস্পানিক ফেডারেশন
- রেভ. ড. ক্যালভিন বাটস, প্যাস্টর, অ্যাবিসিনিয়ান ব্যাপ্টিস্ট চার্চ
- জো-অ্যান ইয়ু, নির্বাহী পরিচালক, এশিয়ান আমেরিকান ফেডারেশন
- ডঃ হেইজেল ডিউকস, প্রেসিডেন্ট, NAACP নিউ ইয়র্ক স্টেট কনফারেন্স
- রেভ. ড. ডব্লিউ ফ্রাঙ্কলিন রিচার্ডসন, সিনিয়র যাজক, গ্রেস ব্যাপটিস্ট চার্চ
- জুডিথ ওয়াটসন, প্রধান নির্বাহী কর্মকর্তা, মাউন্ট ভার্নন নেবারহুড হেলথ সেন্টার
- ড. রোজা গিল, প্রতিষ্ঠাতা, প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, কমুনিলাইফ, ইনকর্পোরেটেড।
- ডঃ ওয়েইন রাইলি, প্রেসিডেন্ট, SUNY ডাউনস্টেট মেডিকেল সেন্টার; চেয়ার, বোর্ড অফ ট্রাস্টিস, নিউ ইয়র্ক একাডেমি অফ মেডিসিন
- ড্যানি বারবার, চেয়ারম্যান, NYCHA সিটিওয়াইড কাউন্সিল অফ প্রেসিডেন্টস; প্রেসিডেন্ট, জ্যাকসন হাউসেস টেনেন্ট এসোসিয়েশন
- কাইল ব্র্যাগ, প্রেসিডেন্ট, 32BJ SEIU
- করিম কামারা, এক্সেকিউটিভ ডিরেক্টর অ্যান্ড ডেপুটি কমিশনার, গভর্নরস অফিস অফ ফেইথ-বেসড কমিউনিটি ডেভেলপমেন্ট সার্ভিসেস
- রেভ. মার্ক ই. ব্লু, প্রেসিডেন্ট, বাফালো চ্যাপ্টার NAACP

কমিউনিটি টিকাকরণ কিট ব্ল্যাক, ল্যাটিনো, গ্রামীণ, দরিদ্র এবং সরকারি হাউজিং কমিউনিটিতে টিকা প্রাপ্যতা বৃদ্ধির জন্য নিউ ইয়র্কের প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ অংশ হবে, সেই সাথে অন্যান্য স্বাস্থ্য সেবাহীন অঞ্চলের জন্য উপকারী হবে সেখানকার জনগোষ্ঠীকে টিকা প্রদানের জন্য প্রয়োজনীয় সব সরঞ্জাম এবং সরবরাহ প্রদান করার মাধ্যমে।

বিশেষ করে, প্রতিটি কিট ধাপে ধাপে নির্দেশনা অন্তর্ভুক্ত করে কিভাবে একটি সাইট, এবং গুরুত্বপূর্ণ সরবরাহ এবং সরঞ্জাম সেট আপ করতে হয় যেমন:

- অফিস সরবরাহ
- ওয়ার্কস্টেশন সরঞ্জাম
- যোগাযোগ সরঞ্জাম
- পরিষ্কারকরণ সরবরাহ
- আলোকসজ্জা সরঞ্জাম
- PPE
- জনতা/ট্রাফিক নিয়ন্ত্রণ সরঞ্জাম
- শিশি
- সিরিঞ্জ
- রুম ডিভাইডার
- গোপনীয়তা পর্দা

আজ, নিউ ইয়র্ক স্টেট নার্সিং হোমের বাসিন্দা এবং কর্মীদের টিকা দেওয়ার জন্য একটি ফেডারেল প্রোগ্রাম শুরু করেছে যাতে আজ পর্যন্ত 618টি ফ্যাসিলিটি নিবন্ধন করেছে। CVS 271টি সুবিধায় টিকা দেবে, ওয়ালগ্রিন্স 253 টি সুবিধায় টিকা দেবে এবং অন্যান্য ফার্মেসি 94টি সুবিধায় টিকা দেবে। আশা করা হচ্ছে এই কর্মসূচীতে প্রতিটি কেন্দ্রে তিনটি "ক্লিনিক্যাল দিন" সহ প্রায় ছয় সপ্তাহ সময় লাগবে:

- 1ম দিন: সকল বাসিন্দা/কর্মীরা 1 নম্বর শট পাবে (আশা করা হচ্ছে আগামী দুই সপ্তাহের মধ্যে সম্পন্ন হবে)
- 2য় দিন: সকল বাসিন্দা/কর্মীরা 2 নম্বর শট পাবে, কর্মীদের একাংশ 1 নম্বর শট পাবে।
- 3য় দিন: অবশিষ্ট কর্মীরা 2 নম্বর শট পাবে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন